

## ভিত্তিপত্র

(মতামতের জন্য সম্পাদক শরী নন)

### পলিটেকনিক ছাত্রদের শিক্ষা বর্ষ পিছিয়ে যাচ্ছে

আমাদের দেশের পলিটেকনিক ইনস্টিটিউটগুলোর শিক্ষা বর্ষ প্রায় আড়াই বৎসর পিছাইয়া আছে। এরপরও সরকার লক্ষ্য না করিয়া টংগীস আই, সি, টি, ডি, টি, আর-এর হায়ার ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সের নামে একটি নতুন কোর্স বাহির করিতেছে। এর বিরুদ্ধে আজ ৪ মাস যাবৎ আন্দোলন করিয়া আসিতেছে ১৮টি পলিটেকনিক ইনস্টিটিউটের ২৫ সহস্রাধিক ছাত্র-ছাত্রী এবং আমার দৃঢ় বিশ্বাস যে, আই, সি, টি, ডি, টি আর-এর হায়ার ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স সংশোধন না করা হলে ও ৪ মফা দাবী না মানিলে ১৮টি পলিটেকনিক ইনস্টিটিউটের সব ছাত্র-ছাত্রী আন্দোলন করিয়া যাইবে। এবং আস্তে আস্তে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন অধিকতর অনিশ্চয়তার

সম্মুখীন হইবে।

ইতিমধ্যে ঢাকাসহ দেশের কয়েকটি পলিটেকনিক ইনস্টিটিউট অনিদিষ্টকালের জন্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। উল্লেখ্য যে, শিক্ষাবর্ষ জটিলতার কারণে ১৯৮৪-৮৫ শিক্ষা বর্ষের ছাত্র-ছাত্রীদের ক্লাস সবে মাত্র শুরু হইয়াছে। এক বৎসবে ২টি পর্ব শেষ হইবার কথা, কিন্তু এ পর্যন্ত ১টিও পর্ব পরীক্ষা শেষ হয় নাই। এদিকে ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের ছাত্র ছাত্রীদের দেড় বৎসর পার হইয়া গিয়াছে, তাহারা এখনো ক্লাস রুমের মুখ দেখিতে পারে নাই। অর্থাৎ গত মাসে আবার ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষের ভর্তির বিজ্ঞপ্তি শুরু হইয়াছে। কবে যে ক্লাস শুরু হইবে, তাহা একমাত্র আল্লাহ জানেন। এর ফলে দেশের কারিগরি শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত এবং ক্রমশঃ

(২-এর পাতায় দ্রঃ)

চাওপত্র

(৪-এর পাতার পর)

শিক্ষা জীবন দীর্ঘায়িত হইয়া চলিয়াছে। দরিদ্র পরিবারের অনেক ছাত্র-ছাত্রী হয়তো বাধ্য হইয়া কারিগরি শিক্ষা থেকে বিদায় নিবে। তাই সরকারের কাছে সব ছাত্র-ছাত্রীর পক্ষ হইতে এই অচলাবস্থা নিরসনের অনুরোধ জানাইতেছি।

মোঃ ফরিদ উদ্দিন (মাসুম),  
বোল নং-১১৭ (দ্বিতীয় শিফট),  
৩য় বর্ষ যন্ত্রকোশল,  
ফরিদপুর পলিটেকনিক  
ইনস্টিটিউট, ফরিদপুর।